



জেলা পরিষদ, নোয়াখালী

জেলা পরিষদ ভবন, সোনাপুর, নোয়াখালী, ফোন- ০২-৩৩৪৪৩৩৬৬০, web:www.zp.noakhali.gov.bd

স্মারক নং- ৪৬.৪২.৭৫০০.২০২.১০.০০১.১৩- ৩৮৮(৫)

তারিখ


৩০ সেপ্টেম্বর-২০২৪

পুকুরের খাস আদায়কারী/রক্ষণাবেক্ষণকারী নির্বাচন বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নোয়াখালী জেলা পরিষদের মালিকানাধীন নিম্ন বর্ণিত দুইটি পুকুর বছরের জন্য খাস আদায়ের লক্ষ্যে খাস আদায়কারী নির্বাচনের নিমিত্ত আগামী -১৫.১০.২০২৪খ্রি: রোজ-মঙ্গলবার,সকাল ১১.০০ টার সময় নোয়াখালী জেলা পরিষদের সম্মেলন কক্ষে খাসের টাকা অগ্রিম জমা দানের শর্তে সরাসরি ডাকের মাধ্যমে খাস আদায়কারী নির্বাচন করা হবে। আত্রহী ডাককারীগণকে নির্বাহী কর্মকর্তা,জেলা পরিষদ,নোয়াখালী জামানত বাবদ ২০,০০০/- (বিশ হাজার)টাকার পে-অর্ডার প্রধান বরাবরে তিনকপি ছবি এবং জাতীয় পরিচয়পত্রের ছায়ালিপি সহ উপস্থিত হয়ে ডাকে অংশ গ্রহণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য যে, যার ডাক গ্রহন করা হবে,তার জামানতের টাকা খাসের টাকার সাথে সমন্বয় করা হবে। যার ডাক গ্রহন করা হবে না, তার জামানত ফেরৎ দেয়া হবে। খাস বাবদ আদায়কৃত টাকার উপর বিধি মোতাবেক ১৫% ভ্যাট হারে এবং ১০% হারে উৎসকর অগ্রিম জমা প্রদান করতে হবে।

পুকুরের বিবরণ

ক্রমিক	পুকুরের বিবরণ	বার্ষিক সরকারী দর
১	সেনবাগ ডাকবাংলো পুকুর	৫৪,০০০/-
২	চাটখিল উপজেলায় শংকরপুর চৌধুরী দিঘি	১,২৫,০০০/-


৩০/৯/২৪
(মোঃ শামছুল আলম)
সহকারী প্রকৌশলী
জেলা পরিষদ, নোয়াখালী।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে-

- ১। জেলা প্রশাসক ও প্রশাসক, জেলা পরিষদ, নোয়াখালী।
- ২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নোয়াখালী।
- ৩-৪। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সেনবাগ/ চাটখিল-নোয়াখালী।
- ৫। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক নয়া পৃথিবী, নোয়াখালী-উপরোক্ত বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় ৫x৩ কলামে এক দিনের জন্য প্রকাশ করার অনুরোধ করা হল। প্রকাশিত বিজ্ঞপ্তির তিন কপি সৌজন্য কপি অত্রাফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।